

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০৫

২৩ বৈশাখ, ১৪১৭
তারিখঃ -----
০৬ মে, ২০১০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালক সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

এফআইডি সার্কুলার নং-০৩, তারিখ ০৯ এপ্রিল, ২০০২ ও এফআইডি সার্কুলার নং-০৫, তারিখ ১১ সেপ্টেম্বর, ২০০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এফআইডি সার্কুলার নং-০৫/২০০৩ এর নির্দেশনা মোতাবেক আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের নিজ/অন্য কোন আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক বা পরিচালকদের স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত ঋণ/লীজ সুবিধা সংক্রান্ত তথ্যাদি অত্র বিভাগে প্রেরণ করে থাকে। তবে প্রতিটি আর্থিক প্রতিষ্ঠানের নিকট অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকদের হালনাগাদ তালিকা সংরক্ষিত না থাকায় পরিচালক সম্পর্কিত ঋণ/লীজ বিবরণী প্রেরণে অসুবিধা সৃষ্টি হচ্ছে। ফলে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে-

১। বাংলাদেশে নিবন্ধিত আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের পরিচালকদের একটি হালনাগাদ তালিকা (সংযুক্ত ছকে) অত্র সার্কুলার জারীর ০৭(সাত) দিনের মধ্যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে প্রেরণ এবং নিজ নিজ ওয়েব সাইটে প্রকাশ/Upload করতে হবে।

২। পরিচালক নিযুক্তি কিংবা উক্ত পদ হতে অব্যাহতির পর তা নিয়মিত হালনাগাদকরণার্থে এতদসংক্রান্ত তথ্য উক্ত ছকে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে প্রেরণ এবং নিজ নিজ ওয়েব সাইটে হালনাগাদ করতে হবে।

৩। উপরোক্ত নির্দেশনা অনুযায়ী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে প্রেরিত পরিচালকদের তালিকা (হালনাগাদ সিআইবি রিপোর্টmn) অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

৪। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকদের হালনাগাদ তালিকা সকল আর্থিক প্রতিষ্ঠানকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

উল্লেখ্য, এফআইডি সার্কুলার নং-০৩/২০০২ ও ০৫/২০০৩ এ বর্ণিত এতদবিষয়ক অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারার আওতায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারী করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তিঃ ১ (এক)।

(মোঃ শফিকুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ৭১২০৯৫৬

